**REGIONAL NEWS**
**ALL INDIA RADIO, AGARTALA**
**25-08-2024**
**07.35-07.40 AM**
**BENGALI MORNING NEWS**

---

**CM-Flood :**

মুখ্যমন্ত্রীর অধ্যাপক ডঃ মানিক সাহার সভাপতিত্বে গতকাল রাজ্যে বন্যাজনিত উদ্ভূত পরিস্থিতি নিয়ে এক সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে রাজ্যের প্রধান প্রধান সমস্ত রাজনৈতিক দলের নেতৃবন্দ রাজ্যের এই বিপর্যয়ে রাজ্য সরকারের পাশে থেকে সর্বতো সহযোগিতার আশ্বাস দিয়েছেন। বৈঠকে শুরুতে বন্যায় নিহত ব্যক্তিদের স্মৃতির উদ্দেশ্যে ২ মিনিট নিরবতা পালন করা হয়।

সভায় মুখ্যমন্ত্রী বলেন, সকলের সম্মিলিত প্রচেষ্টায় এই দুর্যোগ কাটিয়ে ওঠা সম্ভব হবে। বন্যায় এখন পর্যন্ত ২৪ জন প্রাণ হারিয়েছেন, ২ জন নিখোঁজ এবং ২ জন আহত হয়েছেন। মুখ্যমন্ত্রী জানান, বন্যায় মৃত প্রত্যেকের নিকট আত্মীয়কে বিপর্যয় মোকাবিলা তহবিল থেকে ৪ লক্ষ টাকা ও আহতদের ২ লক্ষ ৫০ হাজার টাকা করে আর্থিক সহায়তা দেওয়া হবে। রাজ্য সরকারের পক্ষ থেকে বন্যা পরিস্থিতির মোকাবিলায় সমস্ত ধরণের সহায়তা অব্যাহত রয়েছে। রাজ্যের প্রায় সবকয়টি জেলা ক্ষতিগ্রস্ত হয়েছে। তিনি জানান প্রাথমিকভাবে প্রাপ্ত সংবাদ অনুসারে প্রায় ১৭ লক্ষ লোক বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছেন।

**CM-Flood-2 :**

এখন পর্যন্ত প্রাপ্ত তথ্যে জানা গেছে প্রায় ১৫ হাজার কোটি টাকার মতো সম্পদের ক্ষয়ক্ষতি হয়েছে। তিনি বলেন, এখন পর্যন্ত কৃষিক্ষেত্রে ১.৬ লক্ষ হেক্টর কৃষি জমি ক্ষয়ক্ষতি হয়েছে এবং ১ লক্ষ ৪০ হাজার কৃষক ক্ষতিগ্রস্ত হয়েছেন। বিদ্যুতের ক্ষেত্রে ১৬০৩টি খুঁটি, ৫০১টি ট্রান্সফরমার এবং ২টি বিদ্যুতের সাব ডিভিশন সম্পূর্ণ ভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। বৈঠকে মুখ্যমন্ত্রী বলেন শিবিরগুলির শৌচালয়ের পরিচ্ছন্নতা, দুর্গতদের মধ্যে ত্রাণসামগ্রী বন্টন, স্কুলের ছাত্রছাত্রীদের শিক্ষা সামগ্রী প্রদান প্রভৃতি বিষয় সরকারের নজরদারিতে রয়েছে। ইতিমধ্যেই বিভিন্ন স্থানে স্বাস্থ্য শিবির চালু করা হয়েছে।

সর্বদলীয় বৈঠকে বিরোধী দলনেতা জীতেন্দ্র চৌধুরী আলোচনায় অংশ নিয়ে রাজ্য সরকারের পক্ষ থেকে এই বৈঠক আহ্বান করার জন্য মুখ্যস্ত্রীকে ধন্যবাদ জানান। তিনি পরিস্থিতির মোকাবিলায় রাজ্য সরকারের কাছে বেশ কয়েকটি প্রস্তাব পেশ করেন। শ্রী চৌধুরী বলেন, এই বিপর্যয় মোকাবিলার জন্য ভবিষ্যতে দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণ করা দরকার। গ্রামেগঞ্জে যাতে ভূমিধস না ঘটে তারজন্য ভবিষ্যতে আলোচনা প্রয়োজন।

বৈঠকে বিধায়ক সুদীপ রায়বর্মণ রাজ্যের ভয়াবহ বন্যা পরিস্থিতির চিত্র তুলে ধরে প্লাস্টিক ও ফ্ল্যাক্স ব্যবহারের ক্ষেত্রে বিধিনিষেধ আরো জোরদার করার প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন।

**CM-Flood-3 :**

সভায় সি পি আই এম দলের পক্ষে প্রাক্তন মন্ত্রী মানিক দে রাজ্যের বিভিন্ন স্থানে পুনঃনির্মাণ, শিবিরে অবস্থানরত মহিলাদের নিরাপত্তা, রেগা ও টুয়েপের মাধ্যমে অতিরিক্ত শ্রমদিবস সৃষ্টি করে ক্ষতিগ্রস্তদের বাড়িঘর পরিচ্ছন্নতার কাজে নিয়োজিত করার পরামর্শ দেন। আলাদাভাবে প্রাণী বিকাশ সম্পদ দপ্তর ও মৎস্য দপ্তরের মাধ্যমে ক্ষয়ক্ষতি নিরূপন করতে তিনি সভায় প্রস্তাব দেন। ত্রিপুরা প্রদেশ বিজেপির সভাপতি রাজীব ভট্টাচার্য বন্যা পরিস্থিতির মোকাবিলায় এখন পর্যন্ত রাজ্য সরকার যেসমস্ত উদ্যোগ নিয়েছে এবং যেভাবে মুখ্যমন্ত্রী থেকে শুরু করে প্রশাসনের সকলস্তরের কর্মচারীগণ এই পরিস্থিতিকে মোকাবিলা করছেন তার জন্য সকলকে ধন্যবাদ জানান। প্রদেশ কংগ্রেসের সভাপতি আশিস কুমার সাহা সকল দূর্গতদের কাছে প্রয়োজনীয় ত্রাণ সামগ্রী পৌঁছানো সুনিশ্চিত করার আহ্বান জানান।

তিপরা মথা দলের পক্ষে রাষ্ট্রমন্ত্রী বৃষকেতু দেববর্মা কৃষি ও উদ্যানজাত ফসলের ক্ষয়ক্ষতি সহ বিশেষ করে রাবার বাগানের ক্ষয়ক্ষতি মূল্যায়নের উপর গুরুত্ব দিতে সভায় প্রস্তাব রাখেন। সর্বদলীয় সভায় আই পি এফ টি দলের পক্ষে প্রাক্তন বিধায়ক প্রশান্ত দেববর্মা ক্ষয়ক্ষতি নিরূপনের কাজ ভিলেজ কমিটি ও পঞ্চায়েত সচিবদের মাধ্যমে করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন।

**CM-Flood-4 :**

বৈঠকে সিপিআইএম এর রতন ভৌমিক, তিপরা মথার রাজেশ্বর দেববর্মা ও বিধায়ক রঞ্জিত দেববর্মা, সিপিআই দলের পক্ষে ডা. যুধিষ্ঠির দাস ও মিলন বৈদ্য, ফরোয়ার্ড ব্লকের রঘুনাথ সরকার ও জয়ন্ত দত্ত, আরএসপি দলের দীপক দেব, আমরা বাঙালি দলের গৌরাঙ্গ রুদ্র পাল ও দুলাল ঘোষ এবং আইপিএফটি দলের পক্ষে সিন্ধুচন্দ্র জমাতিয়া ও প্রশান্ত দেববর্মা উপস্থিত ছিলেন।

সর্বদলীয় বৈঠকের পর এক সংবাদিক সম্মেলনে মুখ্যমন্ত্রী বন্যা পরিস্থিতি সম্পর্কিত বিভিন্ন তথ্য এবং সর্বদলীয় বৈঠকের আলোচনার বিষয়গুলি তুলে ধরেন। তিনি বলেন, চন্দ্রপুর নাগেরজলা বাসস্ট্যান্ড থেকে পুনরায় বাস পরিষেবা চালু হয়েছে। বন্যায় ক্ষতিগ্রস্ত শিক্ষার্থীদের পাঠ্য পুস্তক ও শিক্ষা সামগ্রী প্রদানের জন্য শিক্ষাদপ্তরকে নির্দেশ দেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী জানান, রাজ্যে পর্যাপ্ত খাদ্যসামগ্রী ও জ্বালানী মজুত রয়েছে। এবিষয়ে অহেতুক বিভ্রান্তির কোন কারণ নেই।

*****************************

**Maan-Ki-Baat:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১১৩তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট **www.newsonair.com** ও **newsonair mobile app**-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর

আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে।

*****************************

**DM press-South:**

দক্ষিন জেলার জেলা শাসক স্মিতা মল এম এস জানিয়েছেন, সাম্প্রতিক প্রবল বৃষ্টিপাতে রাজ্যে সবচেয়ে বেশি ক্ষতি হয়েছে দক্ষিন জেলায়। জেলায় ১৫ জনের জীবনহানি ঘটেছে। ২ জন নিখোঁজ রয়েছেন। গতকাল জেলা শাসকের অফিসে সাংবাদিক সম্মেলন জেলা শাসক আরও জানান, গোটা রাজ্যে সবচেয়ে বেশি বৃষ্টি হয়েছে জেলার বকাফায়। জেলায় রাস্তাঘাট, বিদ্যুৎ, পানীয় জল, কৃষি, মৎস্য চাষেও ব্যাপক ক্ষতি হয়েছে। প্রাথমিক হিসেবে ১২৯৫টি ঘর ক্ষতিগ্রস্ত হয়েছে। বহু জায়গায় তথ্য সংগ্রহের জন্য যাওয়া যাচ্ছে না। এই পরিস্থিতিতে জিনিসপত্রের দাম নিয়ন্ত্রণে রাখতে মার্চেন্ট এসোসিয়েশনগুলির সঙ্গে কথা বলা হয়েছে। খাদ্য দপ্তর নজরদারি চালাচ্ছে। কোন অপরাধমূলক ঘটনা যাতে না ঘটে সেজন্য পুলিশী টহলদারি বাড়ানো হয়েছে বলেও জানান জেলা শাসক। দক্ষিন জেলার পুলিশ সুপার অশোক কুমার সিনহা, দুই অতিরিক্ত জেলা শাসক সুব্রত রিয়াং ও ধনবাবু রিয়াং সহ প্রশাসনিক আধিকারিকরা সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন।

****************************

**PM:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশের অগ্রগতিতে অবদানের জন্য সরকারি কর্মচারীদের প্রশংসা করেছেন। ইউনিফাইড পেনশন স্কিমের বিষয়ে মন্ত্রিসভার সিদ্ধান্তের পরে, প্রধানমন্ত্রী একটি সামাজিক মাধ্যমে বলেন যে এই প্রকল্পটি সরকারী কর্মীদের জন্য মর্যাদা এবং আর্থিক সুরক্ষা নিশ্চিত করে। প্রধানমন্ত্রী বিজ্ঞান ধারার বিষয়ে মন্ত্রিসভার সিদ্ধান্তের কথা তুলে ধরে বলেন যে এটি তরুণদের মধ্যে উদ্ভাবন ও বৈজ্ঞানিক গবেষণাকে উৎসাহিত করবে।

**BioE**3 অর্থাৎ অর্থনীতি, পরিবেশ ও কর্মসংস্থানের জন্য জৈবপ্রযুক্তি নীতির অনুমোদনের বিষয়ে, তিনি বলেন যে এই সিদ্ধান্ত যুগান্তকারী এবং এটি পরিবেশ সংরক্ষণ এবং কর্মসংস্থান সৃষ্টির জন্যও উপকারী হবে।

***********************

**PM-JANMAN:**

ভারত সরকারের জনজাতি বিষয়ক মন্ত্রকের নির্দেশ মেনে প্রধানমন্ত্রী জনজাতি আদিবাসী ন্যায় মহা অভিযান বা **P.M-JANMAN** বিশেষ প্রচারাভিযান ঊনকোটি জেলাতে শুরু হয়েছে। দেশের ১৯৪টি জেলার সংগে ঊনকোটি জেলাতেও আদিম ও বিশেষভাবে দুর্বল জনগোষ্ঠীভুক্ত পরিবারের কাছে সরকারী সুবিধা পৌঁছে দিতে এই বিশেষ উদ্যোগ। ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা গতকাল কৈলাসহরে এক সাংবাদিক সম্মেলনে একথা জানান। তিনি জানান, আগামী দশ-ই সেপ্টেম্বর পর্যন্ত

জেলায় কুড়িটি বিশেষ শিবির করে সরকারি সুযোগ সুবিধাভোগীদের দেওয়া হবে। উল্লেখ্য যে, ঊনকোটি জেলাতে আদিম ও বিশেষভাবে দুর্বল জনগোষ্ঠীভুক্ত জনসংখ্যা ১১ হাজার ৯৯১। সাংবাদিক সম্মেলনে ঊনকোটি জেলার বরিষ্ঠ উপ-সমাহর্তা বিজয় সিনহা, জেলা কল্যাণ আধিকারিক ডেভিড হালাম প্রমুখ উপস্থিত ছিলেন।

***************************

**Football:**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত রাখাল শিল্ড ঘরোয়া নকআউট ফুটবল প্রতিযোগিতার ফাইনালে এগিয়ে চলো সংঘ ও রামকৃষ্ণ ক্লাব পরস্পরের মুখোমুখি হবে। আগামীকাল নৈশালোকে উমাকান্ত মিনি স্টেডিয়ামে ফাইনাল ম্যাচটি হবে। গতকাল রাতে আসরের দ্বিতীয় সেমিফাইনালে এগিয়ে চলো সংঘ সাডেন ডেথ-এ ৭-৬ গোলে লালবাহাদুর ব্যায়ামাগারকে পরাজিত করে। নির্দ্ধারিত সময়ের খেলা ২-২ গোলে অমীমাংসিত ছিল। অতিরিক্ত ২০ মিনিটে আর গোল না হলে ম্যাচ পেনাল্টি শ্যুট আউটে যায়। সেখানেও ম্যাচটি ৪-৪ গোলে শেষ হলে, সাডেন ডেথ-এ খেলার নিষ্পত্তি হয়।

**************************

**Weather :**

আবহাওয়া পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ সাধারনত মেঘচ্ছন্ন থাকবে। কিছু কিছু স্থানে হালকা থেকে মাঝারি অথবা বজ্র বিদ্যুৎ-সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.২ ডিগ্রী সেলসিয়াস। সর্বোর্চ্চ তাপমাত্রা থাকতে পারে ৩৩.৫ ডিগ্রী সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় দক্ষিণ, গোমতি, সিপাহিজলা ও পশ্চিম জেলার কিছু কিছু স্থানে ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

**************************